# স্নাতক পাঠক্রম ( B.D.P.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩**

## বাংলা ( Bengali )

*ঐচ্ছিক পাঠক্রম ( Elective )*

**চতুর্থ পত্র** ( 4th Paper : **Upanyas Ebong Chhotogolpo** )

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৭০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা যুক্তিসহ আলোচনা করুন।

*অথবা*

'ধ্বংস' গল্পে প্রকাশিত রবীন্দ্রনাথের যুদ্ধবিরোধী মনোভাবের পরিচয় দিন এবং গল্পের শেষে কবিতাটি গ্রন্থনের তাৎপর্য বিশ্লেষণ করুন।

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিয়ার ভূমিকার গুরুত্ব নির্ণয় করুন।

*অথবা*

'টোপ' গল্পে লেখকের শ্রেণিসচেতনতা কতখানি স্পষ্ট হয়েছে, বুঝিয়ে বলুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) আত্মরক্ষার আদিম প্রবৃত্তি কীভাবে 'তারিণী মাঝি' গল্পের নিয়ন্ত্রক হয়েছে তা বিশ্লেষণ করুন।

*অথবা*

'স্ত্রীর পত্র' গল্পের সামাজিক পরিপ্রেক্ষিত এই গল্পের পরিণতিকে কীভাবে নিয়ন্ত্রণ করেছে তা বুঝিয়ে বলুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) উপন্যাসের শ্রেণিবিভাগ করে এই বিভাগগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের উপকাহিনী সংযোজন কতখানি প্রাসঙ্গিক তা আলোচনা করে বোঝান।

(গ) কপিলা 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে যে বিশিষ্ট ভূমিকা নিয়েছে সে সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) 'সুন্দরম' গল্পের সুকুমার চরিত্রটির মানসিকতা স্পষ্ট করুন।

(ঙ) 'পুঁইমাচা' গল্পের পরিণতির পিছনে যে সমাজসত্য রয়েছে তা পরিস্ফুট করে দেখান।

(চ) 'গণেশ জননী' গল্পের মানুষ ও পশুর সম্পর্কটি বিশ্লেষণ করে দেখান।

(ছ) বিন্দু চরিত্রটি কিভাবে মেজো বউ-এর মুক্তির কারণ হয়েছিল, 'স্ত্রীর পত্র' গল্প অবলম্বনে বুঝিয়ে বলুন।

(জ) 'চিকিৎসা সঙ্কট' গল্পের নন্দবাবু কোন্ কোন্ ডাক্তারের কাছে কী কী নির্দেশ পেয়েছিলেন, তা বলুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) ছোটগল্পের মূল লক্ষণগুলি বিবৃত করুন।

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের অতিপ্রাকৃত উপাদানগুলির উল্লেখ করুন।

(গ) ''পদ্মা ও পদ্মার খালগুলি ইহাদের অধিকাংশের উপজীবিকা'' — কীভাবে এই জীবিকা নির্বাহ হত, সংক্ষেপে বলুন।

(ঘ) বঙ্কিম-পূর্ববর্তী বাংলা সাহিত্যে উপন্যাস রচনার যে যে প্রচেষ্টা হয়েছিল, তা বিবৃত করুন।

(ঙ) ''ময়ূরাক্ষীর প্রসাদেই তারিণীর অন্নবস্ত্রের অভাব হয় না'' — অভাব না হওয়ার কারণ স্পষ্ট করুন।

(চ) ফেলে দেওয়ার পরেও অন্নপূর্ণার পুঁইডাঁটা তুলে এনে চচ্চড়ি রান্না করার কারণ কী ছিল ?

(ছ) নন্দবাবুর আড্ডার সঙ্গী কারা ছিলেন ? এই আড্ডাটির চরিত্র কেমন ছিল ?

(জ) 'সুন্দরম' গল্পের পাত্রী পছন্দের তালিকা ও তুলসীর বৈপরীত্যটি স্পষ্ট করুন।